সমাধান: $f(x) = x^3 - 3x + 2$

$\therefore f'(x) = 3x^2 - 3.$

$\therefore$ $(2, -2)$ বিন্দুতে $f'(x) = 3 \times 4 - 3 = 9$

f(x) বক্ররেখার (2, − 2) বিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ,

$y - (-2) = 9(x - 2)$

$\Rightarrow 9x - y - 20 = 0$

$\therefore$ মূলবিন্দু হতে এ রেখার দূরত্ব $= \dfrac{|-20|}{\sqrt{9^2 + (-1)^2}}$

$= \dfrac{20}{\sqrt{82}}$ একক

(c) f(x) বক্ররেখার A বিন্দুতে গুরুমান ও B বিন্দুতে লঘুমান বিদ্যমান। AB নির্ণয় কর।

$y = x^3 - 3x + 2 \therefore \dfrac{dy}{dx} = 3x^2 - 3$ এবং

$\dfrac{d^2y}{dx^2} = 6x$

$\Rightarrow 3x^2 - 3 = 0 \Rightarrow x = \pm 1$

$x = 1$এর জন্য, $\dfrac{d^2y}{dx^2} = 6.1 = 6 > 0$ এবং

$y = 1^3 - 3.1 + 2 = 1 - 3 + 2 = 0$

আবার, $x = -1$ এর জন্য,

$\dfrac{d^2y}{dx^2} = 6.(-1) = -6 < 0$ এবং

$y = (-1)^3 - 3.(-1) + 2$

$= -1 + 3 + 2 = 4$

$\therefore$ f(x) বক্ররেখার (−1, 4) বিন্দুতে গুরুমান ও (1, 0) বিন্দুতে লঘুমান বিদ্যমান।

প্রশ্নমতে, $A \equiv (-1, 4), B \equiv (1, 0).$

$\therefore$ $AB = \sqrt{(-1-1)^2 + (4-0)^2} = 2\sqrt{5}.$

11. $f(x) = \dfrac{x^3}{x^2+1} \cdots$ (i),

$x^2 + y^2 = 16 \cdots$ (ii)

(a) $\lim\limits_{x \to \infty} 5^x \tan\dfrac{a}{5^x}$ এর মান নির্ণয় কর।

সমাধান: ধরি, $\dfrac{a}{5^x} = \theta.$

এখানে $x \to \infty$ বলে $5^x \to \infty$

$\therefore$ $\theta = \dfrac{a}{5^x} \to 0$

$\therefore$ $\lim\limits_{x\to\infty} 5^x \sin\dfrac{a}{5^x} = \lim\limits_{\theta\to 0} \dfrac{a}{\theta}\sin\theta$

$= a \lim\limits_{\theta\to 0}\dfrac{\sin\theta}{\theta} = a\,.1 = a$ (Ans.)

(b) $\{f(x)\}^{\sin^{-1}x} + (\sin^{-1}x)^{f(x)}$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: $\dfrac{d}{dx}[\{f(x)\}^{\sin^{-1}x} + (\sin^{-1}x)^{f(x)}]$

$= \{f(x)\}^{\sin^{-1}x} \times \dfrac{d}{dx}\{\sin^{-1}x \ln f(x)\} +$

$(\sin^{-1}x)^{f(x)} \times \dfrac{d}{dx}\{f(x)\ln(\sin^{-1}x)\}$

$= \{f(x)\}^{\sin^{-1}x}[\sin^{-1}x \frac{d}{dx}(\ln\frac{x^3}{x^2+1}) +$

$\ln f(x)\frac{d}{dx}\sin^{-1}x]$

$+(\sin^{-1}x)^{f(x)}[f(x)\frac{d}{dx}\ln(\sin^{-1}x) +$

$\ln(\sin^{-1}x)\frac{d}{dx}(\frac{x^3}{x^2+1})]$

$= \{f(x)\}^{\sin^{-1}x}[\sin^{-1}x \times \frac{x^2+1}{x^3} \times \frac{(x^2+1)3x^2 - x^3.2x}{(x^2+1)^2}$

$+\ln f(x) \times \frac{1}{\sqrt{1-x^2}}] + (\sin^{-1}x)^{f(x)}[f(x)$

$\times \frac{1}{\sin^{-1}x}.\frac{1}{\sqrt{1-x^2}} +$

$\ln(\sin^{-1}x).\frac{(x^2+1)3x^2 - x^3.2x}{(x^2+1)^2}]$

$= \{f(x)\}^{\sin^{-1}x}[\frac{x^2+3}{x(x^2+1)}\sin^{-1}x + \frac{\ln f(x)}{\sqrt{1-x^2}}] +$

$(\sin^{-1}x)^{f(x)}[\frac{f(x)}{\sin^{-1}x\sqrt{1-x^2}} +$

$\frac{x^2(x^2+3)\ln(\sin^{-1}x)}{(x^2+1)^2}]$

(c) (ii) নং বৃত্তের যে যে বিন্দুতে স্পর্শক x অক্ষের ধনাত্মক দিকের সাথে 60^0 কোণ উৎপন্ন করে অন্তরজের সাহায্যে বিন্দুগুলির স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান: $x^2 + y^2 = 16 \cdots \cdots (i)$

ইহাকে x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই, $2x + 2y\frac{dy}{dx} = 0 \Rightarrow \frac{dy}{dx} = -\frac{x}{y}$

কিন্তু স্পর্শক x অক্ষের ধনাত্মক দিকের সাথে 60^0 কোণ উৎপন্ন করে।

$\therefore \frac{dy}{dx} = \sqrt{3} = -\frac{x}{y}$

$\therefore x = -\sqrt{3}y$........ (ii).

(i) হতে পাই, $(-\sqrt{3}y)^2 + y^2 = 16$

$\Rightarrow 3y^2 + y^2 = 16 \Rightarrow y^2 = 4 \Rightarrow y = \pm 2$

$\therefore$ (ii) হতে পাই, $x = \pm 2\sqrt{3}$

সমীকরণ (ii) হতে দেখা যায় x ও y এর মান বিপরীত চিহ্নযুক্ত।

$\therefore$ নির্ণেয় বিন্দুর স্থানাঙ্ক $(2\sqrt{3}, -2)$ ও $(-2\sqrt{3}, 2)$

12. $f(x) = \cot 3x$, $g(x) = \cos 3x$

(a) $f'(x)$ নির্ণয় কর।

সমাধান: $f(x) = \cot 3x$,

$\therefore f'(x) = \frac{d}{dx}\{f(x)\} = \frac{d}{dx}(\cot 3x)$

$= -\text{cosec}^2 3x \frac{d}{dx}(3x)$

$= -3\text{cosec}^2 3x$ (Ans.)

(b) $\lim_{x \to 0} \frac{f(\frac{\pi}{2}-x) + g(\frac{\pi}{2}-x)}{x^3}$ নির্ণয় কর।

সমাধান: $\lim_{x \to 0} \frac{f(\frac{\pi}{2}-x) + g(\frac{\pi}{2}-x)}{x^3}$

$= \lim_{x \to 0} \frac{\cot 3(\frac{\pi}{2}-x) + \cos 3(\frac{\pi}{2}-x)}{x^3}$

$= \lim_{x \to 0} \frac{\cot(\frac{3\pi}{2}-3x) + \cos(\frac{3\pi}{2}-3x)}{x^3}$

$= \lim_{x \to 0} \frac{\tan 3x - \sin 3x}{x^3}$

$= \lim_{x \to 0} \frac{\tan 3x(1-\cos 3x)}{x^3}$

$= \lim_{x \to 0} \frac{\tan 3x . 2\sin^2\frac{3x}{2}}{x^3}$

$= 2 \lim_{x \to 0} \frac{\tan 3x}{3x} \times 3 \times \lim_{x \to 0}\left(\frac{\sin\frac{3x}{2}}{\frac{3x}{2}}\right)^2 \times \frac{9}{4}$

$= 2 \times 1 \times 3 \times 1 \times \frac{9}{4} = \frac{27}{2}$ (Ans.)

(c) x এর সাপেক্ষে মূল নিয়মে f(x) এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: মনে করি, $f(x) = A = \cot 3x$,

$\therefore$ $f(x+h) = \cot 3(x+h)$.

সজ্ঞানুযায়ী পাই,

$$\frac{d}{dx}\{f(x)\} = \lim_{h\to 0}\frac{f(x+h)-f(x)}{h}$$

$$\Rightarrow \frac{d}{dx}(\cot 3x) = \lim_{h\to 0}\frac{\cot 3(x+h)-\cot 3x}{h}$$

$$= \lim_{h\to 0}\frac{1}{h}\left[\frac{\cos 3(x+h)}{\sin 3(x+h)}-\frac{\cos 3x}{\sin 3x}\right]$$

$$= \lim_{h\to 0}\frac{\sin 3x\cos 3(x+h)-\cos 3x\sin 3(x+h)}{h\sin 3(x+h)\sin 3x}$$

$$= \lim_{h\to 0}\frac{\sin(3x-3x-3h)}{h\sin 3(x+h)\sin 3x}$$

$$= -3\lim_{h\to 0}\frac{\sin 3h}{3h}\times\lim_{h\to 0}\frac{1}{\sin 3(x+h)\sin 3x}$$

$$= -3.1.\frac{1}{\sin 3x.\sin 3x} = -3\operatorname{cosec}^2 3x.$$

13. $h(x) = \ln x$ এবং $h'(x) = g(x)$

(a) $(\log_{10} x)^{x^2}$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: $\frac{d}{dx}\{(\log x)^{x^2}\}$

$$= (\log_{10} x)^{x^2}\left[\frac{d}{dx}\{x^2 \ln(\log_{10} x)\}\right]$$

$$= (\log_{10} x)^{x^2}\left[x^2.\frac{1}{\log_{10} x}.\frac{1}{x}\log_{10} e + \ln(\log_{10} x).2x\right]$$

$$= (\log x)^{x^2}\left[\frac{x\log_{10} e}{\log_{10} x} + 2x\ln(\log_{10} x)\right]$$

(b) প্রমাণ কর যে,

$$\frac{d^2}{dx^2}\{h(x)g(x)\} = \frac{2\ln x - 3}{x^3}$$

সমাধান: $h(x) = \ln x$,

$\therefore$ $h'(x) = \frac{1}{x} = g(x)$.

ধরি, $y = h(x)g(x) = \frac{\ln x}{x}$.

অতপর প্রশ্নমালা IX(I) এর উদাহরণ 1 দ্রষ্টব্য।

(c) $x^2g'(x) + h'(\tan 2x) = 0$ হলে প্রমাণ কর যে, $\operatorname{cosec} 4x = 1$

সমাধান: $x^2g'(x) + h'(\tan 2x) = 0$

$$\Rightarrow x^2.\frac{-1}{x^2} + \frac{1}{\tan 2x} = 0$$

$$\Rightarrow -1 + \cot 2x = 0 \Rightarrow \cot 2x = 1$$

$$\Rightarrow \frac{\cos 2x}{\sin 2x} = 1 \Rightarrow \cos 2x = \sin 2x$$

আবার, $\cot 2x = 1 \Rightarrow \cot^2 2x = 1$

$$\Rightarrow \operatorname{cosec}^2 2x - 1 = 1 \Rightarrow \frac{1}{\sin^2 2x} = 2$$

$$\Rightarrow \frac{1}{\sin 2x\sin 2x} = 2$$

$$\Rightarrow \frac{1}{\sin 2x\cos 2x} = 2 \Rightarrow \frac{2}{\sin 4x} = 2$$

$\therefore$ $\operatorname{cosec} 4x = 1$. (Showed.)

14. $f(x) = e^x$

(a) $\tan^{-1}\frac{1-x}{1+x}$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: প্রশ্নমালা IX(F) এর 3(a) দ্রষ্টব্য।

(b) $f(x) = e^x$ বক্ররেখার যে বিন্দুতে y অক্ষ ছেদ করে সে বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান: $y = f(x) = e^x$ বক্ররেখা যে বিন্দুতে y অক্ষকে ছেদ করে সে বিন্দুর x - স্থানাঙ্ক শূন্য।

$\therefore$ $y = e^0 = 1$.

আবার, $\frac{dy}{dx} = e^x$.

$\therefore$ (0, 1) বিন্দুতে স্পর্শকের ঢাল $= e^0 = 1$.

$\therefore$ নির্ণেয় স্পর্শকের সমীকরণ,

$y - 1 = 1(x - 0) \Rightarrow x - y + 1 = 0$.

(c) দেখাও যে, $4f(x) + 9f(-x)$ এর লঘুমান 12।

প্রমাণ : মনে করি, $y = 4f(x) + 9g(x)$

$\Rightarrow y = 4e^x + 9e^{-x}$

$\therefore \frac{dy}{dx} = 4e^x - 9e^{-x}$ এবং $\frac{d^2y}{dx^2} = 4e^x + 9e^{-x}$

চরম মানের জন্য, $\frac{dy}{dx} = 0$

$\therefore 4e^x - 9e^{-x} = 0$

$\Rightarrow 4e^x = \frac{9}{e^x} \Rightarrow (e^x)^2 = \frac{9}{4} \therefore e^x = \pm\frac{3}{2}$

$e^x = \frac{3}{2}$ হলে, $\frac{d^2y}{dx^2} = 4.\frac{3}{2} + 9 \times \frac{2}{3} > 0$

$\therefore e^x = \frac{3}{2}$ এর জন্য $4e^x + 9e^{-x}$ এর লঘুমান আছে।

$\therefore$ লঘুমান $= 4.\frac{3}{2} + 9 \times \frac{2}{3} = 6 + 6 = 12$

15. দৃশ্যকল্প-১: $f(x) = x^2e^{2x}\log_e 2x$

দৃশ্যকল্প-২:



(a) $\tan^{-1}\frac{4\sqrt{x}}{1-4x}$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: প্রশ্নমালা IX(F) এর 4(e) দ্রষ্টব্য।

(b) দৃশ্যকল্প-১ এর সাহায্যে $f'(2)$ নির্ণয় কর।

সমাধান: $f(x) = x^2e^{2x}\log_e 2x$

$\therefore f'(x) = x^2e^{2x}\frac{d}{dx}(\log_e 2x) +$

$x^2\log_e 2x\frac{d}{dx}(e^{2x}) + e^{2x}\log_e 2x\frac{d}{dx}(x^2)$

$= x^2e^{2x} \times \frac{1}{2x}.2 + x^2\log_e 2x.(2e^{2x})$

$+ e^{2x}\log_e 2x.(2x)$

$= xe^{2x} + 2x^2e^{2x}\log_e 2x + 2xe^{2x}\log_e 2x$

$\therefore f'(2) = 2e^4 + 8e^4\log_e 4 + 4e^4\log_e 4$

$= 2e^4 + 12e^4\log_e 4$

(c) দৃশ্যকল্প-২ এ প্রদত্ত বৃত্তের AP স্পর্শকের সমীকরণ নির্ণয় কর (অন্তরজের সাহায্যে)।

সমাধান: দৃশ্যকল্প-২ এ প্রদত্ত বৃত্তের সমীকরণ,

$(x + a)^2 + (y - 0)^2 = a^2$

$\Rightarrow x^2 + 2ax + a^2 + y^2 = a^2$

$\Rightarrow x^2 + 2ax + y^2 = 0$

ইহাকে x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$2x + 2a + 2y\frac{dy}{dx} = 0$

$\Rightarrow y\frac{dy}{dx} = -(x + a) \Rightarrow \frac{dy}{dx} = -\frac{x + a}{y}$

$\therefore$ প্রদত্ত বৃত্তের P(x, y) বিন্দুতে স্পর্শকের ঢাল,

$\frac{dy}{dx} = -\frac{x + a}{y}$

আবার, PQ রেখার ঢাল $= \tan 135^0$

$= \tan(180^0 - 45^0) = -\tan 45^0 = -1$

PQ রেখা প্রদত্ত বৃত্তের স্পর্শক বলে,

$\frac{dy}{dx} = -\frac{x + a}{y} = -1 \Rightarrow x + a = y$

$\therefore$ AP স্পর্শকের সমীকরণ, $y = x + a$

16.



(a) $\tan^{-1}\frac{2\sqrt{x}}{1-x}$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: প্রশ্নমালা IX(F) এর 4(i) দ্রষ্টব্য।

(b) উদ্দীপকে উল্লেখিত বক্ররেখার চরমবিন্দু P হলে PQ নির্ণয় কর।

সমাধান: $y = \sqrt{3}x - \sqrt{3}x^2$.

$\therefore \frac{dy}{dx} = \sqrt{3} - 2\sqrt{3}x$.

চরম মানের জন্য, $\frac{dy}{dx} = 0$

$\Rightarrow \sqrt{3} - 2\sqrt{3}x = 0 \Rightarrow x = \frac{1}{2}$

$x = \frac{1}{2}$ বিন্দুতে, $y = \sqrt{3}.\frac{1}{2} - \sqrt{3}.\frac{1}{4} = \frac{\sqrt{3}}{4}$

প্রদত্ত বক্ররেখার চরমবিন্দু P বলে $PQ = y = \frac{\sqrt{3}}{4}$

(c) উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে, O ও P বিন্দুতে অঙ্কিত স্পর্শক x- অক্ষের সাথে সমবাহু ত্রিভুজ গঠন করে।

প্রমাণ:



এখানে, P বিন্দুর স্থানাঙ্ক $(\frac{1}{2}, \frac{\sqrt{3}}{4})$.

$OA \perp PQ$ বলে $Q \equiv (\frac{1}{2}, 0)$ এবং Q, OA এর মধ্যবিন্দু বলে $A \equiv (1,0)$

$\frac{dy}{dx} = \sqrt{3} - 2\sqrt{3}x$

O(0,0) বিন্দুতে, $\frac{dy}{dx} = \sqrt{3} - 2\sqrt{3} \times 0 = \sqrt{3}$

A(1,0) বিন্দুতে, $\frac{dy}{dx} = \sqrt{3} - 2\sqrt{3} \times 1 = -\sqrt{3}$

$\therefore$ O(0,0) বিন্দুতে অঙ্কিত স্পর্শক OQ এর সমীকরণ, $y = \sqrt{3}x \cdots\cdots$ (i)

A(1,0) বিন্দুতে অঙ্কিত স্পর্শক AQ এর সমীকরণ, $y - 0 = -\sqrt{3}(x - 1)$

$\Rightarrow y = -\sqrt{3}x + \sqrt{3} \cdots\cdots$ (ii)

(i) ও (ii) হতে পাই,

$\sqrt{3}x = -\sqrt{3}x + \sqrt{3} \Rightarrow 2x = 1$

$\Rightarrow x = \frac{1}{2}$ এবং $y = \sqrt{3} \times \frac{1}{2} = \frac{\sqrt{3}}{2}$

$\therefore$ স্পর্শকদ্বয়ের ছেদ বিন্দু $Q(\frac{1}{2}, \frac{\sqrt{3}}{2})$

এখন, OA = 1,

$OQ = \sqrt{(\frac{1}{2})^2 + (\frac{\sqrt{3}}{2})^2} = \sqrt{\frac{1}{4} + \frac{3}{4}} = \sqrt{\frac{4}{4}} = 1$

$AQ = \sqrt{(1 - \frac{1}{2})^2 + (0 - \frac{\sqrt{3}}{2})^2}$

$= \sqrt{\frac{1}{4} + \frac{3}{4}} = \sqrt{\frac{4}{4}} = 1$

$\therefore$ OAQ একটি সমবাহু ত্রিভুজ।

$\therefore$ O ও P বিন্দুতে অঙ্কিত স্পর্শক x- অক্ষের সাথে সমবাহু ত্রিভুজ গঠন করে।

17. $f(\theta) = \cos\frac{\theta}{2} - \sin\frac{\theta}{2}$, $y = x^x . x^{\cos^{-1}x}$

(a) দেখাও যে, $f(\frac{\pi}{4}) = \sqrt{2}\sin\frac{\pi}{8}$

প্রমাণ: $f(\theta) = \cos\frac{\theta}{2} - \sin\frac{\theta}{2}$

$\therefore f(\frac{\pi}{4}) = \cos\frac{\pi}{8} - \sin\frac{\pi}{8}$

$= \sqrt{2}(\frac{1}{\sqrt{2}}\cos\frac{\pi}{8} - \frac{1}{\sqrt{2}}\sin\frac{\pi}{8})$

$= \sqrt{2}(\sin\frac{\pi}{4}\cos\frac{\pi}{8} - \cos\frac{\pi}{4}\sin\frac{\pi}{8})$

$= \sqrt{2}\sin(\frac{\pi}{4} - \frac{\pi}{8}) = \sqrt{2}\sin\frac{2\pi - \pi}{8}$

$\therefore f(\frac{\pi}{4}) = \sqrt{2}\sin\frac{\pi}{8}$

(b) লেখচিত্রের সাহায্যে $f(\theta) = 0$ এর সমাধান কর; যেখানে $45^0 \le \theta \le 135^0$.

সমাধান : দেওয়া আছে , $\cos\frac{\theta}{2} - \sin\frac{\theta}{2} = 0$

$\Rightarrow \cos\frac{\theta}{2} = \sin\frac{\theta}{2}$

মনে করি , $y = \cos\frac{\theta}{2} = \sin\frac{\theta}{2}$

$\therefore\ y = \sin\frac{\theta}{2}$ এবং $y = \cos\frac{\theta}{2}$

নিচের তালিকায় $\theta \in [\frac{\pi}{4}, \frac{3\pi}{4}]$ এর জন্য $y = \sin\frac{\theta}{2}$ ও $y = \cos\frac{\theta}{2}$ এর প্রতিরূপী মান নির্ণয় করি:

θ	45^0	60^0	75^0	90^0
$y = \sin\frac{\theta}{2}$	0.38	0.5	0.61	0.71
$y = \cos\frac{\theta}{2}$	0.92	0.87	0.79	0.71
x	105^0	120^0	135^0	
$y = \sin\frac{\theta}{2}$	0.79	0.87	0.92	
$y = \cos\frac{\theta}{2}$	0.61	0.5	0.38	

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা X′OX ও YOY′ আঁকি।

স্কেল নির্ধারণ : x-অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের এক বাহু $=15^0$ এবং y- অক্ষ বরাবর ছোট বর্গক্ষেত্রের 10 বাহু = 1একক।

এখন নির্ধারিত স্কেল অনুযায়ী তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করে $y = \sin\frac{\theta}{2}$ ও $y = \cos\frac{\theta}{2}$ ফাংশনদ্বয়ের লেখচিত্র দুইটি অঙ্কন করি। লেখচিত্র থেকে দেখা যাচ্ছে যে , প্রদত্ত সীমার মধ্যে ছেদ বিন্দুর ভূজ হচ্ছে 90^0. সুতরাং , নির্ণেয় সমাধান , $\theta = 90^0$.



(c) $\frac{dy}{dx}$ নির্ণয় কর।

সমাধান: $y = x^x \cdot x^{\cos^{-1}x}$

$$\therefore \frac{dy}{dx} = \frac{d}{dx}(x^x \cdot x^{\cos^{-1}x})$$

$$= x^x \frac{d}{dx}(x^{\cos^{-1}x}) + x^{\cos^{-1}x}\frac{d}{dx}(x^x)$$

$$= x^x . x^{\cos^{-1}x}[\cos^{-1}x\frac{d}{dx}(\ln x) + \ln x$$

$$\frac{d}{dx}(\cos^{-1}x)] + x^{\cos^{-1}x}.x^x[x\frac{d}{dx}(\ln x)$$

$$+ \ln x\frac{d}{dx}(x)]$$

$$= x^x . x^{\cos^{-1}x}[\frac{\cos^{-1}x}{x} + \frac{-\ln x}{\sqrt{1-x^2}}]$$

$$+ x^{\cos^{-1}x}.x^x[x.\frac{1}{x} + \ln x.1]$$

$$= x^x . x^{\cos^{-1}x}[\frac{\cos^{-1}x}{x} - \frac{\ln x}{\sqrt{1-x^2}} + 1 + \ln x]$$

18. (i) $f(x) = 5^{2x}$

(ii) $g(x) = 2x^3 - 24x + 11$

(a) $\lim\limits_{x \to \infty} 5^x \tan\frac{a}{5^x}$ এর মান নির্ণয় কর।

সমাধান: ধরি, $\frac{a}{5^x} = \theta$. এখানে $x \to \infty$ বলে $5^x \to \infty$

$$\therefore \quad \theta = \frac{a}{5^x} \to 0$$

$$\therefore \quad \lim_{x\to\infty} 5^x \sin\frac{a}{5^x} = \lim_{\theta\to 0} \frac{a}{\theta}\sin\theta$$

$$= a\lim_{\theta\to 0}\frac{\sin\theta}{\theta} = a\,.1 = a \text{ (Ans.)}$$

(b) মূল নিয়মে f(x) এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: $f(x) = 5^{2x}$. $\therefore f(x+h) = 5^{2(x+h)}$

অন্তরজের সংজ্ঞা হতে পাই,

$$\frac{d}{dx}\{f(x)\} = \lim_{h\to 0}\frac{f(x+h)-f(x)}{h}$$

$$\therefore \quad \frac{d}{dx}(5^{2x}) = \lim_{h\to 0}\frac{5^{2x+2h}-5^{2x}}{h}$$

$$= \lim_{h\to 0}\frac{1}{h}(5^{2x}.5^{2h}-5^{2x}) = \lim_{h\to 0}\frac{5^{2x}}{h}(5^{2h}-1)$$

$$= 5^{2x}\lim_{h\to 0}\frac{1}{h}\Big[\Big\{1+2h\ln 5+\frac{(2h)^2}{2!}(ln5)^2 + \cdots\cdots\Big\}-1\Big]$$

$$= 5^{2x}\lim_{h\to 0}\frac{1}{h}\Big[\,2h\ ln5 + \frac{2^2h^2}{2!}(ln5)^2 + \frac{2^3h^3}{3!}(ln5)^3 + \cdots\cdots\Big]$$

$$= 5^{2x}\lim_{h\to 0}\Big[2ln5 + \frac{2^2h}{2!}(ln5)^2 + \frac{2^3h^2}{3!}(ln5)^3 + h\text{-এর উচ্চঘাত সম্বলিত পদসমূহ}\Big]$$

$$= 5^{2x}.[\,2ln5 + 0 + 0 + \cdots\,] = 2.5^{2x}\,ln5$$

$\therefore$ f(x) এর অন্তরজ $= 2.5^{2x}\,ln5$

(c) যে সকল ব্যবধিতে g(x) ক্রমবর্ধমান তা নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,

$$g(x) = 2x^3 - 24x + 11$$

$$\therefore \quad g'(x) = 6x^2 - 24x = 6x(x-4)$$

$g'(x) = 0$ হলে $6x(x-4) = 0 \Rightarrow x = 0, 4$

$x = 0, 4$ মানদ্বয় সকল বাস্তব সংখ্যাকে $x<0$, $0<x<4$ এবং $x > 4$ ব্যবধিতে বিভক্ত করে।

এখন, $x < 0$ এর জন্য $x< 0$ ও $(x-4) < 0$, কাজেই $g'(x) > 0.$

$\therefore -\infty < x < 0$ ব্যবধিতে g(x) ফাংশন বৃদ্ধি পায়।

আবার, $0 < x < 4$ এর জন্য $x > 0$ ও $(x-4) < 0$, কাজেই $g'(x) < 0.$

$\therefore \quad 0 < x < 4$ ব্যবধিতে g(x) ফাংশন হ্রাস পায়।

অপরপক্ষে $x > 4$ এর জন্য $x>0$ ও $(x-4)>0$, কাজেই $g'(x) > 0.$

$\therefore \quad 4<x<\infty$ ব্যবধিতে g(x) ফাংশন বৃদ্ধি পায়।

$\therefore \quad -\infty < x < 0$ ও $4 < x < \infty$ ব্যবধিতে g(x) ক্রমবর্ধমান।

19.



এবং $y = \frac{\cos x}{1+\sin^2 x}$

(a) $\tan x = \frac{b}{a}$ হলে $(a^2 + b^2)\sin 2x$ এর মান নির্ণয় কর।

সমাধান: $(a^2 + b^2)\sin 2x$

$$= (a^2+b^2)\frac{2\tan x}{1+\tan^2 x}$$

$$= (a^2+b^2)\frac{2\times\frac{b}{a}}{1+(\frac{b}{a})^2} = (a^2+b^2)\frac{\frac{2b}{a}}{\frac{a^2+b^2}{a^2}}$$

$$= (a^2+b^2)\times\frac{2b}{a}\times\frac{a^2}{a^2+b^2} = 2ab \text{ (Ans.)}$$

(b) প্রমাণ কর যে, $\frac{dy}{dx} = \frac{-\sin x(2+\cos^2 x)}{(1+\sin^2 x)^2}$

প্রমাণ: $y = \frac{\cos x}{1+\sin^2 x}$

$$\therefore \quad \frac{dy}{dx} = \frac{(1+\sin^2 x)\frac{d}{dx}(\cos x) - \cos x\frac{d}{dx}(1+\sin^2 x)}{(1+\sin^2 x)^2}$$

$$=\frac{(1+\sin^2 x)(-\sin x)-\cos x(0+2\sin x\cos x)}{(1+\sin^2 x)^2}$$

$$=\frac{-\sin x-\sin^3 x-2\sin x\cos^2 x}{(1+\sin^2 x)^2}$$

$$=\frac{-\sin x-\sin^3 x-2\sin x(1-\sin^2 x)}{(1+\sin^2 x)^2}$$

$$=\frac{-\sin x-\sin^3 x-2\sin x+2\sin^3 x)}{(1+\sin^2 x)^2}$$

$$=\frac{\sin^3 x-3\sin x}{(1+\sin^2 x)^2}=\frac{-\sin x(3-\sin^2 x)}{(1+\sin^2 x)^2}$$

$$=\frac{-\sin x(2+1-\sin^2 x)}{(1+\sin^2 x)^2}$$

$$\therefore \frac{dy}{dx}=\frac{-\sin x(2+\cos^2 x)}{(1+\sin^2 x)^2}$$

(c) দেখাও যে, PQR ত্রিভুজের বৃহত্তম কোণ 120^0.

প্রমাণ: PQR ত্রিভুজের বৃহত্তম বাহু QR বলে এর বৃহত্তম কোণ P.

ত্রিভুজের কোসাইন সূত্র হতে পাই,

$$\cos P=\frac{PQ^2+PR^2-QR^2}{2PQ\times PR}=\frac{5^2+3^2-7^2}{2\times5\times3}$$

$$=\frac{25+9-49}{30}=\frac{34-49}{30}=\frac{-15}{30}$$

$$\therefore \cos P=\frac{-1}{2}=\cos 120^0$$

$\therefore$ বৃহত্তম কোণ $P=120^0$

20. $f(x)=e^x$ এবং $g(x)=e^{-x}$

(a) x-এর সাপেক্ষে $x^3\sin(\ln x)$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: ধরি, $y=x^3\sin(\ln x)$

$$\therefore \frac{dy}{dx}=x^3\frac{d}{dx}\{\sin(\ln x)\}+\sin(\ln x)\frac{d}{dx}(x^3)$$

$$=x^3\cos(\ln x)\frac{1}{x}+\sin(\ln x).3x^2$$

$$=x^2\cos(\ln x)+\sin(\ln x).3x^2$$

$$=x^2\{\cos(\ln x)+3\sin(\ln x)\}\text{ (Ans.)}$$

(b) $\lim\limits_{y\to0}\dfrac{f(y)-g(y)}{\sin y}$ নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, $f(x)=e^x$ এবং $g(x)=e^{-x}$

$\therefore\ f(y)=e^y,\ g(y)=e^{-y}$

$$\therefore \lim_{y\to0}\frac{f(y)-g(y)}{\sin y}=\lim_{y\to0}\frac{e^y-e^{-y}}{\sin y}$$

$$=\lim_{y\to0}\frac{(1+\frac{y}{1!}+\frac{y^2}{2!}+\cdots)-(1-\frac{y}{1!}+\frac{y^2}{2!}-\cdots)}{y-\frac{y^3}{3!}+\frac{y^5}{5!}-\cdots\cdots}$$

$$=\lim_{y\to0}\frac{2(\frac{y}{1!}+\frac{y^3}{3!}+\cdots\cdots)}{y-\frac{y^3}{3!}+\frac{y^5}{5!}-\cdots\cdots}$$

$$=\lim_{y\to0}\frac{2y(\frac{1}{1!}+\frac{y^2}{3!}+\cdots\cdots)}{y(1-\frac{y^2}{3!}+\frac{y^4}{5!}-\cdots\cdots)}$$

$$=\lim_{y\to0}\frac{2(\frac{1}{1!}+\frac{y^2}{3!}+\cdots\cdots)}{1-\frac{y^2}{3!}+\frac{y^4}{5!}-\cdots\cdots}$$

$$=\frac{2(1+\frac{0^2}{3!}+0\cdots\cdots)}{1-\frac{0^2}{3!}+\frac{0^4}{5!}-\cdots\cdots}=\frac{2\times1}{1}=2\text{ (Ans.)}$$

(c) দেখাও যে, $16f(x)+25g(x)$ এর লঘুমান 40

প্রমাণ : মনে করি, $y=16f(x)+25g(x)$

$\Rightarrow y=16e^x+25e^{-x}$

$\therefore \dfrac{dy}{dx}=16e^x-25e^{-x}$ এবং

$\dfrac{d^2y}{dx^2}=16e^x+25e^{-x}$

চরম মানের জন্য, $\dfrac{dy}{dx}=0\ \therefore 16e^x-25e^{-x}=0$

$\Rightarrow 16e^x = \frac{25}{e^x} \Rightarrow (e^x)^2 = \frac{25}{16} \quad \therefore e^x = \pm\frac{5}{4}$.

$e^x = \frac{5}{4}$ হলে, $\frac{d^2y}{dx^2} = 16.\frac{5}{4} + 25\times\frac{5}{4} \square 0$

$\therefore \quad e^x = \frac{5}{4}$ এর জন্য 16 f(x) + 25g(x) এর লঘুমান আছে।

$\therefore$ লঘুমান $= 16.\frac{5}{4} + 25\times\frac{4}{5} = 20 + 20 = 40$

21. $f(x) = 2x^3 - 9x^2 + 12x - 3$ এবং

$g(x) = x^3 - 3x^2 - 45x + 13$

(a) $e^{\sqrt{x}} + e^{-\sqrt{x}}$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: $\frac{d}{dx}(e^{\sqrt{x}} + e^{-\sqrt{x}})$

$= \frac{d}{dx}(e^{\sqrt{x}}) + \frac{d}{dx}(e^{-\sqrt{x}})$

$= e^{\sqrt{x}}\frac{d}{dx}(\sqrt{x}) + e^{-\sqrt{x}}\frac{d}{dx}(-\sqrt{x})$

$= e^{\sqrt{x}}\frac{1}{2\sqrt{x}} - e^{-\sqrt{x}}\frac{1}{2\sqrt{x}} = \frac{e^{\sqrt{x}} - e^{-\sqrt{x}}}{2\sqrt{x}}$

(b) যে সকল ব্যবধিতে f(x) বৃদ্ধি ও হ্রাস পায় তা নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, $f(x) = 2x^3 - 9x^2 + 12x - 3$

$\therefore \ f'(x) = 6x^2 - 18x + 12$

$= 6(x^2 - 3x + 2) = 6(x-1)(x-2)$

$f'(x) = 0$ হলে, $6(x-1)(x-2) = 0$

$\Rightarrow x = 1, 2$

x = 1, 2 মানদ্বয় সকল বাস্তব সংখ্যাকে $x<1$, $1<x<2$ এবং $x > 2$ ব্যবধিতে বিভক্ত করে।

এখন, $x < 1$ এর জন্য, $x - 1 < 0$ ও $x - 2 < 0$, কাজেই $f'(x) > 0$.

$\therefore -\infty < x < 1$ ব্যবধিতে f(x) ফাংশন বৃদ্ধি পায়।

আবার, $1 < x < 2$ এর জন্য $x - 1 > 0$ ও $x - 2 < 0$, কাজেই $f'(x) < 0$.

$\therefore \ 1 < x < 2$ ব্যবধিতে f(x) ফাংশন হ্রাস পায়।

অপরপক্ষে, $x > 2$ এর জন্য $x - 1 > 0$ ও $x - 2 > 0$, কাজেই $f'(x) > 0$.

$\therefore \ 2 < x < \infty$ ব্যবধিতে f(x) ফাংশন বৃদ্ধি পায়।

$\therefore \ -\infty < x < 1$ ও $2 < x < \infty$ ব্যবধিতে f(x) বৃদ্ধি পায় এবং $1 < x < 2$ ব্যবধিতে f(x) হ্রাস পায়।

(c) g(x) ফাংশনের গুরুমান ও লঘুমান নির্ণয় কর।

সমাধানঃ দেওয়া আছে,

$g(x) = x^3 - 3x^2 - 45x + 13$

$\therefore \quad g'(x) = 3x^2 - 6x - 45$ এবং

$g''(x) = 6x - 6$

চরমবিন্দুর জন্য, $g'(x) = 0$

$\Rightarrow 3x^2 - 6x - 45 = 0$

$\Rightarrow x^2 - 2x - 15 = 0$

$\Rightarrow x^2 - 5x + 3x - 15 = 0$

$\Rightarrow x(x-5) + 3(x-5) = 0$

$\Rightarrow (x-5)(x+3) = 0 \Rightarrow x = 5, -3$

এখন, $g''(5) = 6(5-1) = 24 > 0$

$\therefore \quad x = 5$ বিন্দুতে $g(x)$ এর সর্বনিম্ন মান আছে এবং ইহা $g(5) = 5^3 - 3\times5^2 - 45\times5 + 13$

$= 125 - 75 - 225 + 13 = -162$

আবার, $g''(-3) = 6(-3-1) = -24 < 0$

$\therefore \quad x = -3$ বিন্দুতে $g(x)$ এর সর্বোচ্চ মান আছে এবং ইহা

$g(-3) = (-3)^3 - 3\times(-3)^2 - 45\times(-3) + 13$

$= -27 - 27 + 135 + 13 = 94$

22. (i) $f(x) = \sec 5x$

(ii) $g(x) = \frac{1}{3}x^3 + \frac{1}{2}x^2 - 6x + 3$

(a) x-এর সাপেক্ষে $y = \log_x 3$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: $y = \log_x 3 = \log_x e \times \log_e 3$

$$=\ln 3\frac{1}{\log_e x}=\ln 3\frac{1}{\ln x}=\ln 3(\ln x)^{-1}$$

$$\therefore \frac{dy}{dx}=\ln 3(-1)(\ln x)^{-1-1}\frac{d}{dx}(\ln x)$$

$$=-\ln 3\,(\ln x)^{-2}\frac{1}{x}$$

$\therefore$ x-এর সাপেক্ষে $y = \log_x 3$ এর অন্তরজ

$$=\frac{-\ln 3}{x(\ln x)^2}$$

(b) লিমিট হিসাবে f(x) এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: লিমিট হিসাবে f(x) এর অন্তরজ

$$\frac{d}{dx}\{f(x)\}=\lim_{h\to 0}\frac{f(x+h)-f(x)}{h}$$

$$\therefore \frac{d}{dx}(\sec 2x)=\lim_{h\to 0}\frac{\sec 5(x+h)-\sec 5x}{h}$$

$$=\lim_{h\to 0}\frac{\sec(5x+5h)-\sec 5x}{h}$$

$$=\lim_{h\to 0}\frac{1}{h}[\frac{1}{\cos(5x+5h)}-\frac{1}{\cos 5x}]$$

$$=\lim_{h\to 0}\frac{\cos 5x-\cos(5x+5h)}{h\cos(5x+5h)\cos 5x}$$

$$=\lim_{h\to 0}\frac{2\sin\frac{5x+5x+5h}{2}\sin\frac{5x+5h-5x}{2}}{h\cos(5x+5h)\cos 5x}$$

$$=2\lim_{h\to 0}\frac{\sin(5x+\frac{5}{2}h)}{\cos(5x+5h)\cos 5x}\times\lim_{h\to 0}\frac{\sin\frac{5}{2}h}{\frac{5}{2}h}\times\frac{5}{2}$$

$$=5\frac{\sin(5x+\frac{5}{2}\times 0)}{\cos(5x+5\times 0)\cos 5x}\times 1$$

$$=\frac{5\sin 5x}{\cos 5x\cos 5x}=5\tan 5x\ \sec 5x$$

(c) g(x) এর গুরুমান ও লঘুমান নির্ণয় কর।

সমাধান: $g(x)=\frac{1}{3}x^3+\frac{1}{2}x^2-6x+3$

$\therefore\ g'(x)=x^2+2x-6$ এবং

$$g''(x)=2x+2$$

চরমবিন্দুর জন্য, $g'(x)=0 \Rightarrow x^2+2x-6=0$

$\Rightarrow x^2+3x-2x-6=0$

$\Rightarrow x(x+3)-2(x+3)=0$

$\Rightarrow (x+3)(x-2)=0 \Rightarrow x=-3, 2$

এখন, $g''(-3)=2(-3+1)=-4<0$

$\therefore\ x=-3$ বিন্দুতে $g(x)$ এর সর্বোচ্চ মান আছে এবং ইহা

$$g(-3)=\frac{1}{3}(-3)^3+\frac{1}{2}(-3)^2-6(-3)+3$$

$$=-9+\frac{9}{2}+18+3=12+\frac{9}{2}=\frac{33}{2}$$

আবার, $g''(2)=2(2+1)=6>0$

$\therefore\ x=2$ বিন্দুতে $g(x)$ এর সর্বনিম্ন মান আছে এবং

ইহা $g(2)=\frac{1}{3}(2)^3+\frac{1}{2}(2)^2-6(2)+3$

$$=\frac{8}{3}+2-12+3=\frac{8}{3}-7=\frac{8-21}{3}$$

$$=-\frac{13}{3}$$

23. $y=x^2+2x\cdots$ (i), $f(x)=\frac{1}{3}x^3-3x-3$

(a) $\lim_{x\to\infty}\frac{5.9^x-9^{-x}}{4.9^x+9^{-x}}$ এর মান নির্ণয় কর।

সমাধান: $\lim_{x\to\infty}\frac{5.9^x-9^{-x}}{4.9^x+9^{-x}}$

$$=\lim_{x\to\infty}\frac{5.9^x-\frac{1}{9^x}}{4.9^x+\frac{1}{9^x}}$$

$$=\lim_{x\to\infty}\frac{9^x(5-\frac{1}{9^{2x}})}{9^x(4+\frac{1}{9^{2x}})}$$

$$=\lim_{x\to\infty}\frac{5-\frac{1}{9^{2x}}}{4+\frac{1}{9^{2x}}}=\frac{5-0}{4+0}=\frac{5}{4}$$

(b) (i) নং বক্ররেখাটি x-অক্ষকে যে বিন্দুতে ছেদ করে সে বিন্দুতে স্পর্শকের নতি নির্ণয় কর।

সমাধান: $y = x^2 + 2x \cdots \cdots$ (i)

$\therefore \frac{dy}{dx} = 2x + 2$

(i) নং বক্ররেখাটি x-অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তার কোটি $y = 0$. (1) এ $y = 0$ বসিয়ে পাই,

$x^2 + 2x = 0 \Rightarrow x(x+2) = 0$

$\Rightarrow x = 0, -2$

$\therefore$ $x = 0$ বিন্দুতে স্পর্শকের নতি,

$\left(\frac{dy}{dx}\right)_{(0,0)} = 2\times 0 + 2 = 2$

এবং $x = 2$ বিন্দুতে স্পর্শকের নতি,

$\left(\frac{dy}{dx}\right)_{(2,0)} = 2\times 2 + 2 = 6$

(c) f(x) এর গুরুমান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, $f(x) = \frac{1}{3}x^3 - 3x - 3$

$\therefore$ $f'(x) = x^2 - 3$ এবং $f''(x) = 2x$

চরমবিন্দুর জন্য, $f'(x) = 0 \Rightarrow x^2 - 3 = 0$

$\Rightarrow x = \pm\sqrt{3}$

এখন, $f''(\sqrt{3}) = 2\times\sqrt{3} = 2\sqrt{3} > 0$

$\therefore$ $x = 5$ বিন্দুতে $f(x)$ এর লঘুমান আছে।

আবার, $f''(-\sqrt{3}) = 2\times(-\sqrt{3}) = -2\sqrt{3} < 0$

$\therefore$ $x = -3$ বিন্দুতে $f(x)$ এর গুরুমান আছে এবং

ইহা $f(-\sqrt{3}) = \frac{1}{3}(-\sqrt{3})^3 - 3(-\sqrt{3}) - 3$

$= -\frac{1}{3}(3\sqrt{3}) + 3\sqrt{3} - 3$

$= -\sqrt{3} + 3\sqrt{3} - 3 = 2\sqrt{3} - 3$

24. $f(x) = \frac{\cos x}{1+\sin^2 3x}$

$g(x) = \operatorname{cosec} x - \sqrt{3}\sec x$

(a) g(x) এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: $g'(x) = -\operatorname{cosec} x \cot x - \sqrt{3}\sec x \tan x$

$\therefore$ g(x) এর অন্তরজ $= -\operatorname{cosec} x \cot x - \sqrt{3}\sec x \tan x$

(b) f(x) এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান: $f(x) = \frac{\cos x}{1+\sin^2 3x}$

$\therefore f'(x)$

$= \frac{(1+\sin^2 3x)\frac{d}{dx}(\cos x) - \cos x\frac{d}{dx}(1+\sin^2 3x)}{(1+\sin^2 3x)^2}$

$= \frac{(1+\sin^2 3x)(-\sin x) - \cos x(0 + 2\sin 3x\cos 3x.3)}{(1+\sin^2 3x)^2}$

$\therefore$ g(x) এর অন্তরজ

$= \frac{-(1+\sin^2 3x)\sin x - 6\cos x\sin 3x\cos 3x}{(1+\sin^2 3x)^2}$

(c) প্রমাণ কর যে, $g(10^0) = 4$

প্রমাণ: L.H.S. $= g(10^0)$

$= \operatorname{cosec} 10^0 - \sqrt{3}\sec 10^0$

$= \frac{1}{\sin 10^0} - \frac{\sqrt{3}}{\cos 10^0}$

$= \frac{\cos 10^0 - \sqrt{3}\sin 10^0}{\sin 10^0\cos 10^0}$

$= \frac{\frac{1}{2}\cos 10^0 - \frac{\sqrt{3}}{2}\sin 10^0}{\frac{1}{2}\sin 10^0\cos 10^0}$

$= \frac{\cos 60^0\cos 10^0 - \sin 60^0\sin 10^0}{\frac{1}{4}\sin 20^0}$

$= \frac{4\cos(60^0 + 10^0)}{\sin(90^0 - 70^0)} = \frac{4\cos 70^0}{\cos 70^0}$

$= 4 =$ R.H.S.

25. $A = \tan 3x$, $B = \sin 3x$

(a) $\frac{dA}{dx}$ নির্ণয় কর।

সমাধান : $A = \tan 3x$

$$\therefore \frac{dA}{dx} = \sec^2 3x \frac{d}{dx}(3x)$$
$$= \sec^2 3x \,.(3) = 3\sec^2 3x$$

(b) $\lim_{x\to 0}\frac{A-B}{x^3}$ নির্ণয় কর।

সমাধান :

$$\lim_{x\to 0}\frac{A-B}{x^3} = \lim_{x\to 0}\frac{\tan 3x - \sin 3x}{x^3}$$
$$= \lim_{x\to 0}\frac{\tan 3x(1-\cos 3x)}{x^3}$$
$$= \lim_{x\to 0}\frac{\tan 3x . 2\sin^2\frac{3x}{2}}{x^3}$$
$$= 2\lim_{3x\to 0}\frac{\tan 3x}{3x}\times 3\times \lim_{3x\to 0}\left\{\frac{\sin(3x/2)}{3x/2}\right\}^2\times\frac{9}{4}$$
$$= 2\times 1\times 3\times 1\times\frac{9}{4} = \frac{27}{2} \quad \text{(Ans.)}$$

(c) x এর সাপেক্ষে মূল নিয়মে A এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান : মনে করি, $f(x) = A = \tan 3x$.

$\therefore f(x+h) = \tan 3(x+h) = \tan(3x+3h)$

অন্তরক সহগের সংজ্ঞা হতে পাই,

$$\frac{d}{dx}\{f(x)\} = \lim_{h\to 0}\frac{f(x+h)-f(x)}{h}$$
$$\therefore \frac{d}{dx}(\tan 3x) = \lim_{h\to 0}\frac{\tan(3x+3h)-\tan 3x}{h}$$
$$= \lim_{h\to 0}\frac{1}{h}\left[\frac{\sin(3x+3h)}{\cos(3x+3h)} - \frac{\sin 3x}{\cos 3x}\right]$$
$$= \lim_{h\to 0}\frac{1}{h}\left[\frac{\sin(3x+3h)\cos 3x - \sin 3x\cos(3x+3h)}{\cos(3x+3h)\cos 3x}\right]$$
$$= \lim_{h\to 0}\frac{1}{h}\frac{\sin(3x+3h-3x)}{\cos(3x+3h)\cos 3x}$$
$$= \lim_{h\to 0}\frac{\sin 3h}{3h}\times 3\times\lim_{h\to 0}\frac{1}{\cos(3x+3h)\cos 3x}$$
$$= 1\times 3\times\frac{1}{\cos(3x+0)\cos 3x} = \frac{3}{\cos^2 3x}$$
$$= 3\sec^2 3x$$

26. দৃশ্যকল্প-I: $y(x+1)(x+2) - x + 4 = 0$

দৃশ্যকল্প-II: $h(x) = 2x^3 - 3x^2 - 12x + 1$.

(a) $y = \sec x$ হলে, প্রমাণ কর যে, $y_2 = y(2y^2 - 1)$. ২

প্রশ্নমালা IX(I) এর 6(a) দ্রষ্টব্য।

(b) দৃশ্যকল্প-I এর বক্ররেখাটি যে বিন্দুতে x অক্ষকে ছেদ করে, ঐ বিন্দুতে অভিলম্বের সমীকরণ নির্ণয় কর। ৪

সমাধান ঃ $y(x+1)(x+2) - x + 4 = 0$ ......(i)

যে সব বিন্দুতে স্পর্শক x- অক্ষকে ছেদ করে ঐ সব বিন্দুর y –স্থানাঙ্ক = 0

(1) এ $0.(x+1)(x+2) - x + 4 = 0$

$\Rightarrow x = 4$

x এর সাপেক্ষে (i) নং সমীকরণ অন্তরীকরণ করে পাই,

$$(x^2+3x+2)\frac{dy}{dx} + y(2x+3) - 1 = 0$$
$$\Rightarrow \frac{dy}{dx} = \frac{1-y(2x+3)}{x^2+3x+2}$$
$$\therefore \frac{dy}{dx}_{(4,0)} = \frac{1}{4^2+3.4+2} = \frac{1}{30}$$

$\therefore$ প্রদত্ত ব্রকরেখার (4, 0) বিন্দুতে অভিলম্বের সমীকরণ, $y - 0 = -30(x-4)$

$\Rightarrow 30x + y - 120 = 0$

(c) দৃশ্যকল্প-II এর ফাংশনের চরমমান নির্ণয় কর। ৪

সমাধান ঃ $h(x) = 2x^3 - 3x^2 - 12x + 1$.

$\therefore h'(x) = 6x^2 - 6x - 12$,

$\therefore h''(x) = 12x - 6$

চরমবিন্দুর জন্য, $\frac{dy}{dx} = 0$

$\Rightarrow 6x^2 - 6x - 12 = 0$

$\Rightarrow (x+1)(x-2)=0, \therefore x=-1, 2.$

$x=-1$ বিন্দুতে, $h''(x)=-12-6=-18<0$

$\therefore$ $x=-1$ বিন্দুতে $h(x)$ লঘুমান বিদ্যমান এবং এর মান $=2(-1)-3.1-12(-1)+1=8.$

আবার, $x=2$ বিন্দুতে, $h''(x)=24-6=18>0$

$\therefore$ $x=2$ বিন্দুতে $h(x)$ গুরুমান বিদ্যমান এবং এর মান $=2.8-3.4-12.2+1=-19.$

27. $f(u)=\sin^{-1}u$ এবং $g(u)=\ln u$ দুইটি ফাংশন। **[সিলেট বোর্ড ২০১৭]**

(a) $\lim\limits_{\theta\to 0}\dfrac{\cot\left(\frac{\pi}{2}-\theta\right)-\cos\left(\frac{\pi}{2}-\theta\right)}{\theta^2}$ এর মান নির্ণয় কর। ২

সমাধান : $\lim\limits_{\theta\to 0}\dfrac{\cot(\frac{\pi}{2}-\theta)-\cos(\frac{\pi}{2}-\theta)}{\theta^2}$

$=\lim\limits_{\theta\to 0}\dfrac{\tan\theta-\sin\theta}{\theta^2}=\lim\limits_{\theta\to 0}\dfrac{\tan\theta(1-\cos\theta)}{\theta^2}$

$=\lim\limits_{\theta\to 0}\dfrac{\tan\theta.2\sin^2\frac{\theta}{2}}{\theta^2}$

$=2\lim\limits_{\theta\to 0}\dfrac{\tan\theta}{\theta}.\lim\limits_{\theta\to 0}\dfrac{\sin\frac{\theta}{2}}{\frac{\theta}{2}}.\dfrac{1}{2}.\lim\limits_{\theta\to 0}\sin\dfrac{\theta}{2}$

$=2.1.1.\dfrac{1}{2}.\sin 0=0$

(b) $y=\{f(2x)\}^2$ হলে দেখাও যে,

$(1-4x^2)y_2-4xy_1-8=0$ ৪

সমাধান : $f(u)=\sin^{-1}u$

$\therefore$ $f(2x)=\sin^{-1}(2x)$

এখন, $y=\{\sin^{-1}(2x)\}^2$

অতপর প্রশ্নমালা IX-I এর 11(e) দ্রষ্টব্য।

(c) দেখাও যে, $\dfrac{g(2x)}{x}$ ফাংশনের সর্বোচ্চ মান $\dfrac{2}{e}$ ।৪

প্রমাণ : $g(u)=\ln u$ $\therefore$ $g(2x)=\ln(2x)$

$\therefore$ $\dfrac{g(2x)}{x}=\dfrac{\ln(2x)}{x}$

অতপর প্রশ্নমালা IX-k এর 6(d) দ্রষ্টব্য।

28. $f(x)=x^{\tan^{-1}x}, g(x)=\log_x a,$

$h(x)=\sqrt{a+b\cos x}.$ [য.বো.'১৭]

(a) $\lim\limits_{y\to 0}\dfrac{1-\cos y}{y}$ এর মান নির্ণয় কর।

সমাধান : $\lim\limits_{y\to 0}\dfrac{1-\cos y}{y}=\lim\limits_{y\to 0}\dfrac{2\sin^2\frac{y}{2}}{y}$

$=2\lim\limits_{y\to 0}\left(\dfrac{\sin\frac{y}{2}}{\frac{y}{2}}\right)^2.\dfrac{y}{4}=2.1.\dfrac{0}{4}=0$

(b) $f(x)$ এবং $g(x)$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান : প্রশ্নমালা IX E এর 2(e) এবং প্রশ্নমালা IX G এর 2(k) দ্রষ্টব্য।

(c) $y=h(x)$ হলে, দেখাও যে,

$2y.\dfrac{d^2y}{dx^2}+2.\left(\dfrac{dy}{dx}\right)^2+y^2=a.$

সমাধান : $y=h(x)=\sqrt{a+b\cos x}\cdots$ (i)

x -এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\dfrac{dy}{dx}=\dfrac{1}{2\sqrt{a+b\cos x}.}\dfrac{d}{dx}(a+b\cos x)$

$\Rightarrow \dfrac{dy}{dx}=\dfrac{1}{2y}(0-b\sin x)$

$\Rightarrow 2y\dfrac{dy}{dx}=-b\sin x$

x -এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$2y\dfrac{d^2y}{dx^2}+\dfrac{dy}{dx}.2\dfrac{dy}{dx}=-b\cos x$

$\Rightarrow 2y\dfrac{d^2y}{dx^2}.+\dfrac{dy}{dx}.2\dfrac{dy}{dx}=-b\cos x\cdots$(ii)

(i) হতে পাই, $a+b\cos x=y^2$

$\Rightarrow b\cos x=y^2-a$

(ii) হতে, $2y\frac{d^2y}{dx^2}+2(\frac{dy}{dx})^2=a-y^2$

$\therefore 2y.\frac{d^2y}{dx^2}+2.\left(\frac{dy}{dx}\right)^2+y^2=a.$

29. $f(x)=\frac{1}{\sin x}, g(x)=\frac{1}{\tan x}, h(x)=x.$ [রা.বো.'১৭]

(a) মান নির্ণয় কর : $\lim_{x\to 2}\frac{4-x^2}{3-\sqrt{x^2+5}}$

সমাধান : $\lim_{x\to 2}\frac{4-x^2}{3-\sqrt{x^2+5}}$

$=\lim_{x\to 2}\frac{(4-x^2)(3+\sqrt{x^2+5})}{(3-\sqrt{x^2+5})(3+\sqrt{x^2+5})}$

$=\lim_{x\to 2}\frac{(4-x^2)(3+\sqrt{x^2+5})}{3^2-(x^2+5)}$

$=\lim_{x\to 2}\frac{(4-x^2)(3+\sqrt{x^2+5})}{9-x^2-5}$

$=\lim_{x\to 2}\frac{(4-x^2)(3+\sqrt{x^2+5})}{4-x^2}$

$=\lim_{x\to 2}(3+\sqrt{x^2+5}) = 3+\sqrt{2^2+5}$

$=3+3 = 6$ (Ans.)

(b) মূল নিয়মে x এর সাপেক্ষে $\frac{f(x)}{g(x)}$ এর অন্তরজ নির্ণয় কর।

সমাধান : $\frac{f(x)}{g(x)}=\frac{1/\sin x}{1/\tan x}=\frac{\tan x}{\sin x}=\frac{1}{\cos x}$

$=\sec x$

অতপর প্রশ্নমালা IX C এর ১২.৮ দ্রষ্টব্য।

(c) দেখাও যে, $h(x)+\frac{1}{h(x)}$ এর গুরুমান তার লঘুমান অপেক্ষা ক্ষুদ্রতর।

সমাধান : $h(x)+\frac{1}{h(x)}=x+\frac{1}{x}$

অতপর প্রশ্নমালা IX K এর 6(a) দ্রষ্টব্য।

30. $y=4x(6-x)^2$ এবং $f(x)=e^{\tan^{-1}x}$ [কু.বো.'১৭]

(a) $\lim_{x\to 0}\frac{1-\cos 2x}{x}$ এর মান নির্ণয় কর।

সমাধান : $\lim_{x\to 0}\frac{1-\cos 2x}{x}=\lim_{x\to 0}\frac{2\sin^2 x}{x}$

$=2.\lim_{x\to 0}\frac{\sin x}{x}.\lim_{x\to 0}(\sin x)$

$=2.1.\sin 0=2\times 0=0$ (Ans.)

(b) y-এর গরিষ্ঠ মান নির্ণয় কর।

সমাধান ঃ $y=4x(6-x)^2$

$\therefore \frac{dy}{dx}=4x.2(6-x)(-1)+4(6-x)^2.1$

$=4(6-x)(-2x+6-x)$

$=4(6-x)(6-3x)=12(6-x)(2-x)$

এবং $\frac{d^2y}{dx^2}=12\{(6-x)(-1)+(2-x)(-1)\}$

$=12(-6+x-2+x)=24(x-4)$

চরম মানের জন্য, $f'(x)=0$

$\Rightarrow 12(6-x)(2-x)=0 \quad \therefore x=2, 6$

এখন, $f''(2)=24(2-4)=-48<0$

$\therefore$ $f(x)$ গরিষ্ঠ মান হবে যখন $x=2$ এবং

এর মান $= f(2)=8(6-2)^2=128$

আবার, $f''(6)=24(6-4)>0$

$\therefore$ $f(x)$ লঘুমান হবে যখন $x=6$ ।

$\therefore$ y-এর গরিষ্ঠ মান 128

(c) প্রমাণ কর যে,

$(1+x^2)f''(x)+(2x-1)f'(x)=0$

সমাধান : প্রশ্নমালা IX I এর 10(c) এর অনুরূপ।

31. দৃশ্যকল্প-১: ABC ত্রিভুজে $a=\sqrt{3}\,b$ এবং $A=2B$ [ব.বো.'১৭]

দৃশ্যকল্প-২: $\ln y = bz$

(a) $\lim_{x\to 0}(\operatorname{cosec}x-\cot x)$ এর মান নির্ণয় কর।

সমাধান : প্রশ্নমালা IX A এর 8(f) দ্রষ্টব্য।

(b) দৃশ্যকল্প-১ এর আলোকে ABC এর কোণগুলি নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, $a=\sqrt{3}\,b$ ……(1)

এবং $A = 2B \cdots\cdots\cdots (2)$

(1) হতে, $2R \sin A = \sqrt{3}\ .2R \sin B$

$\Rightarrow \sin A = \sqrt{3}\ \sin B$

$\Rightarrow \sin 2B = \sqrt{3} \sin B$; (2) দ্বারা।

$\Rightarrow 2 \sin B \cos B = \sqrt{3}\ \sin B$

$\Rightarrow \sin B\ (2 \cos B - \sqrt{3}) = 0$

$\sin B = 0$ হলে, $B = 0^0$ এবং $A = 0^0$

কিন্তু ABC একটি ত্রিভুজ বলে $A = B = 0$ অসম্ভব। কাজেই, $\sin B \neq 0$

$2 \cos B - \sqrt{3} = 0$ হলে,

$\cos B = \dfrac{\sqrt{3}}{2} = \cos 30^0$

$\therefore B = 30°$ এবং $A = 2B = 60°$

$\therefore \sin B = \dfrac{1}{2} = \sin 30° \Rightarrow B = 30°$

$\therefore A = 2B = 2 \times 30° = 60°$ এবং

$C = 180° - (30° + 60°)$

$= 180° - 90° = 90°$

$\therefore$ ত্রিভুজের কোণ তিনটি $30°, 60°, 90°$

(c) দৃশ্যকল্প-২ এর আলোকে $\cos z = x$ হলে প্রমাণ কর যে, $(1-x^2)y_2 - xy_1 = b^2y$

সমাধান : দেওয়া আছে,

$\cos z = x \Rightarrow z = \cos^{-1} x$ এবং

$\ln y = b \cos^{-1} x$

ইহাকে x-এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\dfrac{1}{y} y_1 = b \dfrac{1}{\sqrt{1-x^2}} \Rightarrow \sqrt{1-x^2}\ y_1 = bx$

$\Rightarrow (1-x^2)\ y_1^{\,2} = b^2y^2$, [উভয় পক্ষকে বর্গ করে।]

ইহাকে x-এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$(1-x^2)\ 2y_1y_2 + y_1^{\,2}(-2x) = b^2.2yy_1$

উভয় পক্ষকে $2y_1$ দ্বারা ভাগ করে পাই,

$(1-x^2)\ y_2 - xy_1 = b^2y$

শ্রেণির কাজ

1. $x = 0$ বিন্দুর সন্নিকটে $f(x) = \sin x$ ফাংশনের লেখকে অসন্নভাবে ঐ বিন্দুতে স্পর্শকের লেখ দ্বারা স্থানীয়ভাবে প্রতিস্থাপন কর।

পরীক্ষণের নাম ঃ $x = 0$ বিন্দুর সন্নিকটে $f(x) = \sin x$ ফাংশনের লেখকে অসন্নভাবে ঐ বিন্দুতে স্পর্শকের লেখ দ্বারা স্থানীয়ভাবে প্রতিস্থাপন।

মূলতত্ত্ব ঃ $x = x_0$ বিন্দুর সন্নিকটে $f(x)$ ফাংশনকে অসন্নভাবে ঐ বিন্দুতে স্পর্শক দ্বারা স্থানীয়ভাবে প্রতিস্থাপন করার সূত্র, $f(x) \approx f(x_0) + f'(x_0)(x - x_0)$

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) সায়েন্টিফিক ক্যালকুলেটর।

কার্যপদ্ধতি ঃ

1. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি।

2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $f(x) = \sin x$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	$0°$	$\pm 30°$	$\pm 60°$	$\pm 90°$
y	0	$\pm \cdot 5$	$\pm \cdot 87$	± 1

3. x - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহু $= 10^0$ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 10 বাহু $= 1$ একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরু পেন্সিলের সাহায্যে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = f(x) = \sin x$ এর লেখ অঙ্কন করি।



4. $x = 0$ বিন্দুতে স্পর্শক অঙ্কন করি।

হিসাব ঃ $f(x) = \sin x \Rightarrow f'(x) = \cos x$

$\therefore \quad f(0) = \sin 0 = 0, \ f'(0) = \cos 0 = 1$

$f(x) \approx f(x_0) + f'(x_0)(x - x_0)$ হতে পাই,

$\sin x \approx 0 + 1(x - 0) = x$

ফলাফল ঃ $x = 0$ বিন্দুর সন্নিকটে $y = f(x) = \sin x$ ফাংশনের লেখকে অসন্নভাবে ঐ বিন্দুতে স্পর্শক $y = x$ এর লেখ দ্বারা স্থানীয়ভাবে প্রতিস্থাপন করা হল। অন্যভাবে বলা যায়, x এর মান 0 এর সন্নিকটে হলে $\sin x$ এর পরিমাণ x এর কাছাকাছি হবে।

2. $x = 2$ তে $y = x^2$ ফাংশনের লেখ অঙ্কন করে dy ও δy নির্ণয় করে লেখচিতে প্রদর্শন কর, যেখানে $dx = \delta x = 1$.

পরীক্ষণের নাম ঃ $y = x^2$ ফাংশনের জন্য, $x = 2$ বিন্দুতে dy ও δy নির্ণয় , যেখানে $dx = \delta x = 1$ এবং লেখচিতে dy ও δy প্রদর্শন ।

মূলতত্ত্ব ঃ স্বাধীন চলক ও অধীন চলকের অন্তরকের মধ্যকার সম্পর্ক $dy = f'(x)dx$ এবং স্বাধীন চলকের অতি ক্ষুদ্র পরিবর্তন δx এর জন্য অধীন চলকের অতি ক্ষুদ্র পরিবর্তন $\delta y = f(x + \delta x) - f(x)$

প্রয়োজনীয় উপকরণ ঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) চাঁদা (vii) পেন্সিল কম্পাস (viii) সায়েন্টিফিক ক্যালকুলেটর।

কার্যপদ্ধতি ঃ

1. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি ।

2. নিচের তালিকায় x এর ভিন্ন ভিন্ন মানের জন্য $f(x) = x^2$ এর প্রতিরূপী মান নির্ণয় করি ঃ

x	0	± 1	± 2	± 3
$f(x) = x^2$	0	1	4	9

3. x - অক্ষ ও y - অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহু = 1 একক ধরে তালিকাভুক্ত বিন্দুগুলি ছক কাগজে স্থাপন করি এবং সরূ পেন্সিলের সাহায্যে স্থাপিত বিন্দুগুলি মুক্ত হস্তে বক্রাকারে যোগ করে $y = f(x) = x^2$ এর লেখ অঙ্কন করি।

4. $A(2, 4)$ বিন্দুতে স্পর্শক অঙ্কন করি । $x = 3$ সরলরেখাকে স্পর্শকটি ও ফাংশনটি যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে।



হিসাবঃ $y = x^2$ হতে পাই , $\frac{dy}{dx} = 2x$.

সুতরাং $dy = 2x\,dx = 2 \times 2 \times 1 = 4$

এবং $\delta y = f(x + \delta x) - f(x)$

$= (x + \delta x)^2 - (x)^2 = (2 + 1)^2 - 2^2$

$= 9 - 4 = 5$

চিত্র হতে পাই, $AN = dx = \delta x = 1$, $PN = dy$ ও $QN = \delta y$

ফলাফল ঃ $PN = dy = 4$ ও $QN = \delta y = 5$ লেখচিত্রে পদর্শন করা হলো।